

তারিখ ... 09-MAY-2005 ...

পৃষ্ঠা - ৩ ...

ভোঁৱেৰ কাগজ

জাৰি ভৰ্তি পৰীক্ষায় স্বজনপ্ৰীতিৰ অভিযোগ

শিক্ষকেৰ বিৰুদ্ধে শিক্ষাৰ্থীৰা আন্দোলনে, তদন্ত কমিটি

জাৰি প্ৰতিবেদন : জাহাঙ্গীৰনগৰ বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবৰ্ষেৰ ভৰ্তি পৰীক্ষায় দুৰ্নীতি ও স্বজনপ্ৰীতিৰ অভিযোগে অভিযুক্ত অৰ্থনীতি বিভাগেৰ শিক্ষক অধ্যাপক আমিৰ হোসেনেৰ দুৰ্নীতিমূলক শাস্তিৰ দাবিতে সাধাৰণ ছাত্ৰছাত্ৰী ও ছাত্ৰদল আন্দোলনে নেমেছে। এদিকে বিশ্ববিদ্যালয়েৰ কেন্দ্ৰীয় ভৰ্তি পৰীক্ষা কমিটি গত শনিবাৰ এক সভায় উক্ত অভিযোগেৰ সত্যাসত্য যাচাইয়েৰ জন্য তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন কৰেছে।

২০০৪-২০০৫ শিক্ষাবৰ্ষেৰ অৰ্থনীতি বিভাগেৰ ভৰ্তি পৰীক্ষায় এক ছাত্ৰেৰ উত্তৰপত্ৰে অনিয়ম এৰং ঘটনাৰ সৰ্বসংশ্লিষ্টতাৰ অভিযোগে বিভাগীয় তদন্ত কমিটি গঠন কৰা হয়।

উক্ত কমিটি তদন্ত কৰে দুৰ্নীতিৰ প্ৰমাণ পেয়ে ওই শিক্ষকেৰ ভাগ্ৰে চৌধুৰী নাজমুল আলমেৰ ভৰ্তি বাতিলেৰ জন্য গত বৃহস্পতিবাৰ কেন্দ্ৰীয় ভৰ্তি পৰীক্ষা কমিটিৰ কাছে সুপাৰিশ কৰে। বিভাগেৰ এই সিদ্ধান্তেৰ পৰিপ্ৰেক্ষিতে বিশ্ববিদ্যালয় ছাত্ৰদল শাখা সাধাৰণ শিক্ষাৰ্থীদেৰ সৰ্বৈ নিয়ে ওই শিক্ষকেৰ শাস্তি দাবি কৰে আন্দোলনে নামে। গতকাল শনিবাৰ আন্দোলন কৰ্মসূচিৰ অংশ হিসেবে শিক্ষাৰ্থীৰা উপাচার্য অধ্যাপক বশৰুৰ মুস্তাহিদুৰ রহমান বৰাবৰ স্মাৰকলিপি দিয়েছে। স্মাৰকলিপিতে ওই শিক্ষকেৰ শাস্তি দাবি কৰে শতাধিক শিক্ষাৰ্থীৰ স্বাক্ষৰ জমা দেওয়া হয়েছ। তবে এই আন্দোলনে সম্পৃক্ত হওয়াৰ জন্য ছাত্ৰদল জেৰ চাপ প্ৰয়োগ কৰেছে বলে জানা গেছে।

সূত্ৰ জানায়, অধ্যাপক আমিৰ হোসেন ও ভাৰ ভাগ্ৰে নিৰ্বে লেখা পোস্টাৰ ছেঁড়াত ঘটনাকে কেন্দ্ৰ কৰে আন্দোলনকাৰী নাটক ও নাট্যতত্ত্ব বিভাগেৰ ছাত্ৰী ভনী ও জাহানারা ইমাম হল শাখাৰ সভাপতি পশিমা ৮/১০, জন ছাত্ৰী গত তক্ৰবাৰ ইংৰেজি বিভাগেৰ ছাত্ৰী সৰ্মাকে শাৰীৰিকভাবে নিৰ্বাতন ও ছাত্ৰছাত্ৰী সভাপতি শাহজাদী আক্তাৰ সাজুৰ সৰ্বৈ অসৌজন্যমূলক আচৰণ কৰেছে। ঘটনাৰ সৰ্বৈ জড়িতদেৰ বিৰুদ্ধে শাস্তি দাবি কৰে নিৰ্বাতিত ছাত্ৰীৰা হলেৰ প্ৰভোস্ট বৰাবৰ লিখিত অভিযোগ দিয়েছে বলে জানা গেছে।

এদিকে অভিযুক্ত শিক্ষক অধ্যাপক আমিৰ হোসেনেৰ সংশ্লিষ্টতা এৰং ঐ ছাত্ৰেৰ ভৰ্তি বাতিলেৰ সুপাৰিশ সত্যাসত্য যাচাইয়েৰ জন্য গত শনিবাৰ উপাচার্য অধ্যাপক এনামুল হক বানকে প্ৰধান কৰে তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন কৰা হয়েছ। কমিটিকে আগামী ৭ দিনেৰ মধ্যে रिपोट জমা দেওয়াৰ জন্য বলা হয়েছ বলে জানা গেছে। অপৰদিকে অধ্যাপক আমিৰ হোসেন ভাৰ বিৰুদ্ধে অভিযোগ সম্পৰ্কে বলেন, আমি ঘড়মত্ৰ এৰং শিক্ষক রাজনীতিৰ শিকাৰ।